

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিহাতি, টাঙ্গাইল।
<http://kalihati.tangail.gov.bd>

স্মারক নং-০০.০০.৯৩৪৭.০০০.০৫.০২৮.২০১৮- ৫০০

তারিখ: ২৫ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ।
০৫-এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ।



নিয়োগ বিজ্ঞপ্তি

টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডে মহল্লাদারের শূণ্য পদে সরকারি অংশের-১,৫০০/- টাকা এবং ইউনিয়ন পরিষদ অংশের-১,৫০০/- টাকাসহ মোট-৩,০০০/- টাকা বেতনে এবং দফাদারের শূণ্য পদে সরকারি অংশের-১,৭০০/- টাকা এবং ইউনিয়ন পরিষদ অংশের-১,৭০০/- টাকাসহ মোট-৩,৪০০/- টাকা বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	শূন্য পদের ওয়ার্ড নম্বর	শূন্য পদের নাম	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	দশকিয়া	-	দফাদার	০১ জন	৮ম শ্রেণি	দফাদারের শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে।
২	বাংড়া	-	দফাদার	০১ জন	-এ-	
		০৩ ও ০৫	মহল্লাদার	০২ জন	-এ-	
৩	সহদেবপুর	-	দফাদার	০১ জন	-এ-	
		০৮ ও ০৯	মহল্লাদার	০২ জন	-এ-	
৪	বল্লা	-	দফাদার	০১ জন	-এ-	
		০৫ ও ০৮	মহল্লাদার	০২ জন	-এ-	
৫	গোহালিয়াবাড়ী	০৭ ও ০৮	মহল্লাদার	০২ জন	-এ-	
৬	কোকডহরা	১, ৩, ৪, ৫ ও ৯	মহল্লাদার	০৫ জন	-এ-	
৭	বীরবাসিন্দা	০৩ ও ০৭	মহল্লাদার	০২ জন	-এ-	
৮	পারখী	০৮	মহল্লাদার	০১ জন	-এ-	

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার অন্তর্গত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ২০/০৫/২০১৮ খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে (মুক্তিযোদ্ধাদের/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধার কোঠায় আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সঙ্গে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রত্যয়নপত্র থাকতে হবে।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল সম্বোধন করে আগামী ২০/০৫/২০১৮ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিহাতি-এ জমা দিতে হবে।
- অসম্পূর্ণ, ক্রটিযুক্ত ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- যে কোন তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি বরাবর ২০০/- টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারী সনদ এবং পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি, চেয়ারম্যান কর্তৃক চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি সত্যায়িত এবং পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি সত্যায়িতসহ সংযুক্ত করতে হবে।
- প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। তজ্জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
- যে সকল ইউনিয়ন পরিষদে দফাদারের পদ শূন্য আছে সে সকল ইউনিয়ন পরিষদের মহল্লাদারদের থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে দফাদারের শূন্য পদ পূরণ করা হবে।


(মুছাম্মৎ শাহীনা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
কালিহাতি, টাঙ্গাইল।
ফোনঃ ০৯২২৭-৭৪০০৩

০৬/০৫/১৮